

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ১, ২০২১

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১৫ ফাল্গুন ১৪২৭/২৮ ফেব্রুয়ারি ২০২১

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২৪.২০(অংশ-২)-১৯৭।—স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০(১) অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্বারা ২৮ জানুয়ারি ২০২১ তারিখে জারীকৃত স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২৪.২০(অংশ-২)-১৯৯ মূলে স্থগিতকৃত পাবনা জেলার সুজানগর পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে ব্যালট পেপারের মাধ্যমে নির্বাচন নিম্নের সময়সূচি অনুযায়ী সম্পন্নের লক্ষ্যে মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন :

(ক)	মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	০৯ মার্চ ২০২১ ২৪ ফাল্গুন ১৪২৭	মঙ্গলবার
(খ)	মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১০ মার্চ ২০২১ ২৫ ফাল্গুন ১৪২৭	বুধবার
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	১৫ মার্চ ২০২১ ০১ চৈত্র ১৪২৭	সোমবার
(ঘ)	ভোটগ্রহণের তারিখ	:	৩১ মার্চ ২০২১ ১৭ চৈত্র ১৪২৭	বুধবার

ভোটগ্রহণের সময় : সকাল ৮.০০ মি. হতে বিকাল ৪.০০ মি. পর্যন্ত

(৫৯৫৩)

মূল্য : টাকা ৪.০০

০২। সেই সাথে নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৪৭৪ তারিখ : ০২ ডিসেম্বর ২০২০ এর মাধ্যমে নিয়োগকৃত রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার এবং স্মারক নং ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৪৭৫, তারিখ : ০২ ডিসেম্বর ২০২০ এর মাধ্যমে নিয়োগকৃত আপিল কর্তৃপক্ষ বহাল রাখা ও ইতিপূর্বের ন্যায় অন্যান্য কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান
উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা।